

**West Bengal State University****B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2012****PART-III****বাংলা - সাধারণ****চতুর্থ পত্র**

Duration : 3 Hours

Full Marks : 100

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

প্রাস্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের দ্যোতক।

1. যে কোন দশটি শব্দের বাংলা পরিভাষা লিখুন : 10 × 1 = 10

Archetype, Annotation, Blank verse, Chorus, Chronological, Discourse,  
Exposition, Folk culture, Fantasy, Irony, Lyricism, Memesis, Nouvellete,  
Ode, Prototype, Realism, Synesthesia, Sonnet, Poetic Justice.

2. যে কোনো একটি বিষয় নিয়ে অনধিক ২০০ শব্দের মধ্যে অনুচ্ছেদ রচনা করুন : 15

ক) সমাজকল্যাণে বুদ্ধিজীবীদের ভূমিকা

খ) রাজনীতি ও ছাত্রসমাজ

গ) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস

অথবা

যে কোনো একটি বিষয় নিয়ে অনধিক ৩০০ শব্দের মধ্যে প্রবন্ধ রচনা করুন :

ক) 'গীতাঞ্জলি' ও 'গোরা' : শতবর্ষের আলোয় ফিরে দেখা

খ) সাহিত্য আন্দোলনে লিটল ম্যাগাজিনের ভূমিকা

গ) থার্ড থিয়েটার ও বাদল সরকার

3. যে কোনো দুটির উদাহরণসহ সংজ্ঞা লিখুন : 2 × 5 = 10

আদি স্বরাগম, মধ্যব্যঞ্জনাগম, সকারীভবন, বিপর্যাস, সমাস্করলোপ, বিমিশ্রণ বা মিশ্রণ, শব্দদ্বৈত

4. নিম্নলিখিত অংশটিতে আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার (International Phonetic Alphabet) চিহ্ন ব্যবহার করে লিপ্যন্তর করুন : 10

“কর্ম অনুসারে বিভিন্ন শ্রেণীতে বিভক্ত হওয়া সমাজের স্বভাব। সে ভাগ থাকবে, কিন্তু চলে যাবে বিশেষ বিশেষ অধিকারগুলি। সামাজিক জীবনে আমি বিশেষ এক ধরনের কাজ করতে পারি, তুমি অন্য ধরনের কাজ করতে পারো। তুমি না হয় দেশশাসন করো, আমি না হয় জুতো সারি। কিন্তু তাই বলে তুমি আমার চেয়ে বড় হতে পারো না, আমার মাথায় পা দিতে পারো না। তুমি খুন করে প্রশংসা পাবে আর একটা আম চুরি করলে আমাকে ফাঁসি যেতে হবে – এমন হতে পারে না।”

5. একজন খ্যাতনামা পরিবেশবিদের সঙ্গে পরিবেশ দূষণের কারণ ও তার প্রতিকার নিয়ে একজন সাংবাদিকের সাক্ষাৎকার লিপিবদ্ধ করুন। 15

অথবা

যুগনায়ক বিবেকানন্দের সার্থশতবর্ষ উপলক্ষে দিকে দিকে যে ‘বিবেকমেলা’ অনুষ্ঠিত হচ্ছে – সে বিষয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি রিপোর্ট রচনা করুন

6. শিক্ষামূলক ভ্রমণে যাওয়ার জন্য মহাবিদ্যালয়ে বিভাগীয় ছাত্র-ছাত্রীগণ-এর তরফে বিভাগীয় প্রধানের নিকট আবেদন জানিয়ে একটি পত্র রচনা করুন। 15

অথবা

কোন নতুন টি.ভি. সিরিয়ালের জন্য সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি বিজ্ঞাপন রচনা করুন।

7. নিম্নলিখিত যে কোন একটি অনুচ্ছেদ বাংলায় অনুবাদ করুন : 15

The most urgent need of India today is to find means of reducing the want and distress of her people. The cultivators live in the most terrible condition. They grow food for us, but themselves remain unfed. The workers in mills and factories live in great misery in unclean huts. Those who are little higher in ranks are really much poorer than the most ordinary people in other countries. We should try our best to improve the condition of our common people as they are the largest part of the nation.

We cannot all be politicians or lead millions of people. We cannot all be heroes and fight for the freedom of the oppressed. But we can, each one of us, make life happier for those around us. We can all look after our neighbour when he is sick, teach the ignorant, comfort the unfortunate and keep around us fresh, clean and tidy. We can all be kind, patient and loving. We can all be truthful, humble and obedient. These are the greatest things in life, because without them the world will never be happier.

8. ( শুধুমাত্র দৃষ্টিহীনদের জন্য ) 10 × 1 = 10

নীচের বানানগুলি সংশোধন করুন :

অনুরনন, বিভিসিকা, সাম্মাণিক, ভাগিরথি, দুর্গা, ছন্দলিপি, কবিসত্বা, শারিরিক, ঘনিষ্ট, মধুসুদন।

অথবা

( প্রশ্নপত্র থেকে আলাদা করুন এবং উত্তর পত্রের সঙ্গে যুক্ত করুন )

রোল নং .....

নিম্নলিখিত কপিটি দেখে প্রুফ কপিটি সংশোধন করুন (-যে কোনো কুড়িটি ) (পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির বানান বিধি অনুসারে)। মূল কপি ও সংশোধিত প্রুফ কপি উত্তর-পত্রে অবশ্যই যুক্ত করে দেবেন। আপনার রোল নম্বর অবশ্যই যথাস্থানে লিখবেন।

$$20 \times \frac{1}{2} = 10$$

( পাণ্ডুলিপি )

বিপদে মোরে রক্ষা করো, এ নহে মোর প্রার্থনা

বিপদে আমি না যেন করি ভয়,

দুঃখ তাপে ব্যথিত চিতে নাই বা দিলে সাস্তুনা,

দুঃখে কেন করিতে পারি জয়।

সহায় মোর না যদি জুটে, নিজের বল না যেন টুটে

সংসারেতে ঘটিলে ক্ষতি, লভিলে শুধু বঞ্চনা,

নিজের মনে না যেন মানি ক্ষয়।

প্রুফ সংশোধন করুন (প্রুফ কপি )

বপদে মোরে রোখা ক রো চ নহে মোর প্রার্থনা

বিপদে আমি নাকরি নযে ভয়,

দুখ তাপে ব্যর্থখি চিন্তে না বাদিলে সাস্তুনা

দুখে যেন করতে পারি জয়

সহায় মোর না যদি জুটে নিজের বল না যেন টুটে

সংসারেতে ঘটিলে খতি ভালিতে শুধু বঞ্চনাই

নিজের মনে না যেন মানি ক্ষয়